

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
comilladakshin@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.১৯৩৩.০০০.৩৮.০০২.২৫-০৭

তারিখ : ০৯-০৭-২০২৫ খ্রি.

অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পর্যায়ে ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃষ্ণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন বিষয়ে (যেমন : মৎস্য চাষ, পারিবারিক হীস-মুরগি পালন, ছাগল পালন, গরু মোটাজ্জাকরণ, কবুতর পালন, নার্সারি, পারিবারিক সবজি চাষ, ফুল ও ফলের চাষ, ব্লক প্রিন্টিং, বাটিক প্রিন্টিং, নকশী কাঁথা ইত্যাদি) ১৪টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন) ০৭ (সাত) দিন মেয়াদী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে।

প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী অত্র উপজেলার যুবক ও যুবনারীদের নিকট হতে নিয়ে বর্ণিত শর্তাবলি অনুসরণপূর্বক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি :

- ০১। একই বিষয়ে ৩০ (ত্রিশ) জন পূর্ণ হওয়া সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের তারিখ ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।
- ০২। প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ হতে ৩৫ বছর হতে হবে।
- ০৩। প্রশিক্ষণার্থীদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে।
- ০৪। কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৫। নিবন্ধিত যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৬। প্রশিক্ষণার্থীদের বেকার যুবক ও যুবনারী হতে হবে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন তথা আত্মকর্মী হওয়ার জন্য দৃঢ় প্রত্যয়ী হতে হবে।
- ০৭। আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, সক্রিয় মোবাইল নম্বর উল্লেখসহ প্রশিক্ষণ সংক্রান্ত অভিজ্ঞতা (যদি থাকে) সনদ সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০৮। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে যথাসময়ে উপস্থিত থাকতে হবে।

বিঃদ্র:

- প্রশিক্ষণ গ্রহণকারীকে অধিদপ্তর কর্তৃক নির্ধারিত দৈনিক ১০০/- (একশত) হারে ০৬ কর্মদিবসের জন্য = ৬০০/- (ছয় শত) টাকা যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট প্রদান করা হবে।
- আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন অফিস, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা হতে পাওয়া যাবে।

স্বা:-

(মো: সালাহউদ্দিন মাহমুদ)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল : ০১৭৩১-২২৪৭৭৬

স্মারক নং-৩৪.০১.১৯৩৩.০০০.৩৮.০০২.২৫-০৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

তারিখ : ০৯-০৭-২০২৫ খ্রি.

- ০১। প্রশাসক, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৪। চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৫। অফিস কপি।

০৯/০৭/২৫

(মো: সালাহউদ্দিন মাহমুদ)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা